

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম


নোটিশ

স্মারক নং- উমাশিঅ/লোহা/চট্ট/২০২২-১৭৩

তারিখ : ০৮/০৬/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আওতায় চলমান বিষয়ে সংস্কৃতি কমিটির এক সভার আয়োজন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, সংস্কৃতি কমিটির সিদ্ধান্তক্রমে অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা অফিসারের আওতায় চলমান বিষয়ে আগামী ১৫/০৬/২০২২ খ্রিস্টাব্দ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে এক সভার আহ্বান করা হয়েছে। উক্ত সভায় আপনাকে একজন সম্মানিত সদস্য হিসাবে যথাসময়ে উপস্থিত থেকে আপনার মতামত উপস্থাপনের জন্য অনুরোধ করা হল।



মোঃ নুরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি কমিটি
লোহাগাড়া, চট্টগ্রাম

তারিখ : ০৮/০৬/২০২২ খ্রিস্টাব্দ।

স্মারক নং- উমাশিঅ/লোহা/চট্ট/২০২২-১৭৩(০৫)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল :

- ০১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৫
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম
- ০৩। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম
- ০৫। সদস্য, সংস্কৃতি কমিটি
- ০৬। অফিস নথি



মোঃ নুরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি কমিটি
লোহাগাড়া, চট্টগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম।

তারিখ : ১৫/০৬/২০২২ খ্রিস্টাব্দ।

সভাপতি : জনাব বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।

স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, লোহাগাড়া, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা :

০১।	জনাব বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।	সভাপতি	স্বাক্ষরিত/-
০২।	জনাব এম ইব্রাহিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত/-
০৩।	জনাব এ. ওয়াহেদ, চেয়ারম্যান, কলাউজান ইউনিয়ন পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত/-
০৪।	জনাব লুৎফুল্লাহ বিউটি, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত/-
০৫।	জনাব মোঃ নূরুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম।	সদস্য সচিব	স্বাক্ষরিত/-

আলোচ্য সূচি :

- ১। উপজেলায় সংগীত স্কুল চালু করা।
- ২। আন্ত প্রতিষ্ঠান ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন।
- ৩। উপজেলা ভিত্তিক সাংস্কৃতিক ব্যক্তিত্বকে সম্মাননা প্রদান।

কমিটির আহ্বায়ক মহিলা ভাইস চেয়ারম্যান জনাব বেগম জেসমিন আক্তার মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভার কাজ শুরু করতে বলেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্য সূচি অনুযায়ী নিম্নলিখিতভাবে আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

আলোচনা : ১ নং আলোচ্য সূচির আলোকে মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয় বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : উপজেলায় প্রতি সপ্তাহে অভিজ্ঞ সংগীত শিক্ষক দ্বারা সংগীত স্কুল চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা : ২নং আলোচ্য সূচির আলোকে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা আন্ত প্রতিষ্ঠান ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা : ৩ নং আলোচ্য সূচির আলোকে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

সিদ্ধান্ত : সাংস্কৃতিক কর্মকাণ্ডে অবদান স্বরূপ উপজেলা ভিত্তিক বাৎসরিক ০৫ জন সাংস্কৃতিক ব্যক্তিত্বকে সম্মাননা স্বরূপ সার্টিফিকেট ও ফ্রেস্ট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হল।

জেসমিন
বেগম জেসমিন আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
সংস্কৃতি কমিটি
লোহাগাড়া, চট্টগ্রাম

তারিখ : ১৫/০৬/২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং- উমাশিঅ/লোহা/চট্ট/২০২২-১৮২(০৫)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল :

- ০১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৫
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম
- ০৩। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম
- ০৫। সদস্য, সংস্কৃতি কমিটি
- ০৬। অফিস নথি

মোঃ নূরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি কমিটি
লোহাগাড়া, চট্টগ্রাম